বাংলা ১ম পত্র (সৃজনশীল)
বিষয় কোড - 101
সময়-২ ঘণ্টা ৩০ মিনিট
পূর্ণমান-৭০

**দ্রষ্টব্য**: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং নিচের প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। ক বিভাগ-গদ্য থেকে ন্যূনতম **দুটি**, খ বিভাগ-কবিতা থেকে ন্যূনতম **দুটি**, গ বিভাগ-উপন্যাস ও ঘ বিভাগ-নাটক থেকে ন্যূনতম একটি করে মোট সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।

## ক বিভাগ-গদ্য

f

## খ বিভাগ কবিতা

## গ বিভাগ নাটক

## ঘ বিভাগ উপন্যাস

সৃজনশীল অংশের প্রশ্ন দ্রুতই আপলোড করা হবে

proshnobd.com

বাংলা ১ম পত্র (বহুনির্বাচনী)
বিষয় কোড - 101
সময় - ৩০ মিনিট
পূর্ণমান – ৩০

১। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় সূর্যকে হৃৎপিণ্ডে ধরে রাখা বলতে হৃদয়ে সূর্যের কী ধারণ করা বোঝানো হয়েছে?
(ক) আলো (খ) উত্তাপ (গ) শক্তি (ঘ) সামর্থ্য

২। "খেলোয়াড় চলে গেছে, খেলবে কার সাথে।"- 'লালসালু' উপন্যাসের এই উক্তিতে 'খেলোয়াড়' কে?
(ক) আওয়ালপুরের পীর (খ) আক্কাস
(গ) তাহের কাদেরের বাপ (ঘ) খালেক ব্যাপারী

নিচের উদ্দীপকটি পড়ে ৩ ও ৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
খরস্রোতা নদীতে পড়ে ডুবে যাচ্ছিলো এক কিশোর। তাকে বাঁচাতে মধ্যবয়স্ক এক লোক নদীতে ঝাঁপিয়ে পড়লেন। লোকটা নিজের জীবন বিপন্ন করে সেই কিশোরকে তুলে আনলেন নদী থেকে। ছেলেটি কোনো কথা না বলে চলে গেলো।

৩। উদ্দীপকের মধ্যবয়স্ক লোকটির আচরণ 'প্রতিদান' কবিতার সঙ্গে কীভাবে প্রাসঙ্গিক?
(ক) পরোপকারে (খ) কৃতজ্ঞতাবোধে
(গ) জীবনের ঝুঁকি গ্রহণে (ঘ) ক্ষুদ্র স্বার্থে

৪। উদ্দীপক ও 'প্রতিদান' কবিতার মিল কোন বিবেচনায় যথার্থ?
(ক) মূলভাবে (খ) শৈলিতে
(গ) ঘটনায় (ঘ) উদাহরণে

৫। "আমি শ্যামের হাতের বাঁশরী।"-'বিদ্রোহী' কবিতার' এই পঙক্তিতে কবির কোন সত্তা প্রকাশ পেয়েছে?
(ক) প্রেমিক (খ) বিদ্রোহী (গ) কঠোর (ঘ) কোমল

৬। 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় একুশের কৃষ্ণচূড়াকে আমাদের কীসের রং বলা হয়েছে?
(ক) স্মৃতিময়তার (খ) চেতনার
(গ) বিজয়ের (ঘ) বেদনার

৭। 'অপরিচিতা' গল্পে কল্যাণী "মাতৃ-আজ্ঞা" বলতে কী বুঝিয়েছে?
(ক) মায়ের আদেশ (খ) মায়ের অনুরোধ
(গ) নারী শিক্ষার ব্রত (ঘ) দেশসেবায় আত্মনিয়োগ

৮। 'বিলাসী' নামকরণের পেছনে নিম্নের কোন বিষয়টি প্রাধান্য পেয়েছে?
(ক) কেন্দ্রীয় চরিত্র (খ) বিষয়বস্তু
(গ) পটভূমি (ঘ) সমাজব্যবস্থা

৯। "আঠারো বছর বয়স বাঁচে।" শূন্যস্থানে কী হবে?
(ক) শপথের কোলাহলে (খ) লক্ষ দীর্ঘশ্বাসে
(গ) দুর্যোগে আর ঝড়ে (ঘ) অসহ্য যন্ত্রণায়

১০। 'সোনার তরী' কবিতায় 'সোনার ধান' বলতে কী বোঝানো হয়েছে?
(ক) সৃষ্টিসম্ভার (খ) মূল্যবান সম্পদ
(গ) মহাকাল (ঘ) রাশি রাশি ধান

১১। 'মাসি-পিসি' গল্পে আহ্লাদির বাপ কী রোগে মারা যায়?
(ক) টাইফয়েড (খ) ম্যালেরিয়া
(গ) কলেরা (ঘ) বসন্ত

১২। 'আমি কিংবদন্তির কথা বলছি' কবিতায় ভালোবাসা দিলে কে মরে যায়?
(ক) মা. (খ) গর্ভবতী বোন
(গ) সন্তান (ঘ) মায়ের ছেলেরা

নিচের উদ্দীপকটি পড়ে ১৩ ও ১৪ নম্বর প্রশ্নের উত্তর দাও:
"মোরা একটি ফুলকে বাঁচাবো বলে যুদ্ধ করি,
মোরা একটি মুখের হাসির জন্য অস্ত্র ধরি।"

১৩। উদ্দীপকের 'মোরা' 'রেইনকোট' গল্পের কোন চরিত্রগুলোকে মনে করিয়ে দেয়?
(ক) প্রফেসর আকবর সাজিদ ও মিন্টু
(খ) মিন্টু ও নুরুল হুদা
(গ) আফাজ আহমদ ও নুরুল হুদা
(ঘ) প্রফেসর আকবর সাজিদ ও ইসহাক

১৪। উদ্দীপকের ভাবানুষভা 'রেইনকোট' গল্পের কোন দিকটি প্রতিফলিত করে?
(ক) নির্বিচার গণহত্যা (খ) গেরিলা আক্রমণ
(গ) সাহস ও দেশপ্রেম (ঘ) সাবভার্সিভ অ্যাকটিভিটিজ

১৫। "অন্তরে যাদের এত গোলামির ভাব, তারা বাইরের গোলামি থেকে রেহাই পাবে কী করে?"-'আমার পথ' প্রবন্ধের এই উক্তিতে 'বাইরের গোলামি' বলতে কী বোঝানো হয়েছে?
(ক) আত্মনির্ভরতা (খ) নিষ্ক্রিয়তা
(গ) দুর্বলতা (ঘ) পরাধীনতা

নিচের উদ্দীপকটি পড়ে ১৬ ও ১৭ নম্বর প্রশ্নের উত্তর দাও:
"মঞ্জুলী মোর ওই তো কচি মেয়ে,
ওরই সঙ্গে বিয়ে দেবে, বয়সে ওর চেয়ে
পাঁচগুনো সে বড়ো---"

১৬। উদ্দীপকের মূলভাব নিচের কোন চরণের সঙ্গে বেশি সঙ্গতিপূর্ণ?
(ক) কারণ কী ভাবলাম, তানি বুঝি দুলার বাপ।
(খ) বড় বিবির প্রতি তার তেমন মায়া-মহব্বত নেই।
(গ) যেখানে সাপ জাগে সেখানে আবার কোমলতার ফুল ফোটে
(ঘ) লজ্জায় ম্রিয়মাণ নতুন বউ এর আত্মসচেতন রক্তাভা তাতে নেই।

১৭। উদ্দীপক ও 'লালসালু' উপন্যাসের উক্ত সাদৃশ্য সমাজবাস্তবতার যে দিকটি প্রকাশ করে-
i. ভণ্ডামি ও প্রতারণা
ii. পুরুষতান্ত্রিক সমাজব্যবস্থা
iii. কুসংস্কার ও গোঁড়ামি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

১৮। 'অপরিচিতা' গল্পে কল্যাণীর বিয়ে না করার সিদ্ধান্তের কারণ কী ছিল?

prosnobd.com

(ক) পিতৃ আদেশ (খ) লোকলজ্জা
(গ) ক্ষোভ (ঘ) আত্মমর্যাদা

১৯। 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় নক্ষত্রের মতো কী ঝরে?
(ক) বীরের রক্ত (খ) মাতার অশ্রুজল
(গ) অবিনাশী বর্ণমালা (ঘ) আনন্দের রৌদ্র

নিচের উদ্দীপকটি পড়ে ২০ ও ২১ নম্বর প্রশ্নের উত্তর দাও:
"ভুলিতে পারি না তারে ভোলা যায় না
বারে বারে মনে পড়ে কেন জানি না।"

২০। উদ্দীপকের 'তারে' 'তাহারেই পড়ে মনে' কবিতার নিচের কোনটির সঙ্গে সাদৃশ্যপূর্ণ?
(ক) বাতাবি লেবু (খ) আমের মুকুল
(গ) মাঘের সন্ন্যাসী (ঘ) বসন্ত প্রকৃতি

২১। উদ্দীপক ও 'তাহারেই পড়ে মনে' কবিতা উভয় ক্ষেত্রে প্রকাশিত হয়েছে---
i. স্মৃতিকাতরতা ii. উদাসীনতা iii. হারানোর বেদনা
নিচের কোনটি সঠিক?'
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২২। 'মানব-কল্যাণ' প্রবন্ধে "ওপরের হাত" মানে কী?
(ক) শ্রেষ্ঠ (খ) দাতা (গ) গ্রহীতা (ঘ) মহৎ প্রতিভা

২৩। 'অপরিচিতা' গল্পে শম্ভুনাথ সেনের পেশা কী?
(ক) ব্যবসায় (খ) চিকিৎসা
(গ) ওকালতি (ঘ) শিক্ষকতা

২৪। "এগুল্যে হলো পাকিস্তানের শরীরের কাঁটা।" কারণ, 'রেইনকোট' গল্পে এগুলো বাঙালির---
i. জাতীয়তাবোধ জাগিয়ে রাখে
ii. দেশপ্রেমকে উজ্জীবিত করে
iii. যুদ্ধ জয়ে প্রেরণা জোগায়
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৫। "বাংলাদেশ যে আপনার কাছ থেকে অনেক কিছু আশা করে।"'বায়ান্নর দিনগুলো' রচনায় বঙ্গবন্ধুকে উদ্দেশ্য করে একথা কে বলেছিলেন?
(ক) ডেপুটি জেলার (খ) সিভিল সার্জন
(গ) সুপারিনটেনডেন্ট (ঘ) মহিউদ্দিন

২৬। 'প্রতিদান' কবিতায় কবি 'বিষে-ভরা বাণ' এর পরিবর্তে কী দেন?
(ক) ফুলমাল্য (খ) বুকভরা গান
(গ) ফুলমালঞ্চ (ঘ) নিঠুরিয়া বাণী

**নিচের উদ্দীপকটি পড়ে ২৭ ও ২৮ নম্বর প্রশ্নের উত্তর দাও:**
"ক্ষুদ্রমতি নর, শূর, লক্ষ্মণ; নহিলে
অস্ত্রহীন যোধে কি সে সম্বোধে সংগ্রামে?"

২৭। উদ্দীপকের 'ক্ষুদ্রমতি নরের' সঙ্গে 'সিরাজউদ্দৌলা' নাটকের কোন চরিত্র তুলনীয়?
(ক) মিরজাফর (খ) ক্লাইভ
(গ) মিরন (ঘ) মোহাম্মদী বেগ

২৮। উদ্দীপকে 'সিরাজউদ্দৌলা' নাটকের প্রতিফলিত দিক---
i. সিরাজের সঙ্গে বিশ্বাসঘাতকতা
ii. অস্ত্রহীন সিরাজের ওপর হামলা
iii. সশস্ত্র সিরাজের সঙ্গে যুদ্ধের আহ্বান
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii

২৯। 'বিদ্রোহী' কবিতায় 'নটরাজ' বলতে কাকে বোঝানো হয়েছে?
(ক) মহাদেব (খ) বিষ্ণু (গ) পরশুরাম (ঘ) বলরাম

৩০। "আমার নালিশ আজ আমার নিজের বিরুদ্ধে।"- নবাব সিরাজের এই উক্তির কারণ কী?
(ক) তিনি সময়মত ব্যবস্থা নিতে পারেননি
(খ) তাঁর ক্ষমাশীলতার নীতি বিপর্যয় ঘটিয়েছে
(গ) তিনি প্রজাদের নিরাপত্তা বিধান করতে পারেননি
(ঘ) তিনি শত্রু-মিত্র চিনতে ব্যর্থ হয়েছেন

proshnobd.com